নাটোরে বিনামুল্যে করোনা টেস্টিং বুথের উদ্বোধন

নাটোরে বিনামুল্যে করোনা ভাইরাস টেস্টিং বুথের উদ্বোধন করা হয়েছে। জেলা প্রশাসনের আয়োজনে গতকাল সোমবার শহরের কেন্দ্রীয় জামে মসজিদের সামনে এই বুথের উদ্বোধন করেন জেলা প্রশাসক মোঃ শাহরিয়াজ।

এ সময় জেলা প্রশাসক মোঃ শাহরিয়াজ বলেন, নাটোরে প্রতিদিনই করোনা সংক্রমন বৃদ্ধি পাচ্ছে। হাসপাতালে গিয়ে লাইন ধরে করোনার নমুনা দিতে গিয়ে অনেকেই ভয় পাচ্ছেন এবং ভোগান্তির ভয়ে অনেকেই তাদের নমুনা পরিক্ষা করাতে আগ্রহী হচ্ছেনা। এছাড়া দরিদ্র ও নিন্ম আয়ের মানুষের কাছেও রয়েছে অর্থ সমস্যা। সাধারন মানুষের ভোগান্তি কমাতে তাদের এই উদ্যোগ। এভাবে জেলার প্রতিটি উপজেলাতে বুথ খোলা হবে। তারা সরকারের উচ্চ পর্যায়ে যোগাযোগ করছেন যেন এই পরিক্ষাটা সকল নাগরিকের জন্য বিনামুল্যে করা যায়।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, সিভিল সার্জন কাজী মিজানুর রহমান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জাহাঙ্গীর আলম, পৌরমেয়র উমা চৌধুরী জলি প্রমুখ। এদিকে সদর আধুনিক হাসপাতালে করোনা রোগীর পর্যাপ্ত পরিমাণ বেড না থাকায় আড়াইশ শয্যার হাসপাতালের দ্বিতীয় তলায় বর্হিবিভাগ করার পরিকল্পনায় জেলা প্রশাসক মোঃ শাহরিয়াজ হাসপাতালের নতুন ভবনের কাজের অগ্রগতি পরিদর্শন করেন।

এসময় সিভিল সার্জন ডাঃ কাজী মিজানুর রহমান, সদর হাসপালের সহকারী পরিচালক পরিতোষ কুমার রায়, ঠিকাদার মীর আমিরুল ইসলাম জাহান সহ স্বাস্থ্য বিভাগের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অপরদিকে সংক্রমন বেড়ে যাওয়ায় পুলিশ সদস্যরা শহরের প্রধান সড়কসহ গলি পথ গুলোতেও অবস্থান নিয়ে অবাধ চলাচল সীমিত করে দিয়েছে। এছাড়া স্বাস্থ্যবিধি মানাতে জেলা প্রশাসনের একাধিক মোবাইল কোর্ট কাজ করছে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর প্রস্তাবিত ভ্যাট প্রত্যাহারের দাবি সংসদে

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর প্রস্তাবিত ভ্যাট প্রত্যাহারের দাবি জানিয়েছেন বিএনপির সংসদ সদস্য হারুনুর রশীদ।

রোববার জাতীয় সংসদে চলতি ২০২১-২১ অর্থবছরের সম্পূরক বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে এই দাবি জানান তিনি।

তিনি বলেছেন, দক্ষ জনশক্তি গড়ে তুলতে শিক্ষার কোনো বিকল্প নেই। অথচ দেখলাম নতুন বাজেটে বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেলে ১৫ শতাংশ ভ্যাট আরোপ করা হয়েছে। এটা কোনো কথা হলো?

তিনি আরও বলেন, আমাদের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো মানসন্মত। পাবলিক বিশ্ববিদ্যালয়ের চেয়ে সেখানে বেশি শিক্ষার্থী পড়াশুনা করে। কেন সেখানে করারোপ করা হলো? এই বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক আলোচনা হচ্ছে। এই কর প্রত্যাহার হওয়া উচিত।সাধারণ বাজেটে এই বিষয়টি নিয়ে আলোচনার সময় চাই।এই বিষয়গুলো আমরা আলোকপাত করতে চাই।

ব্যর্থ মুশফিক, আক্ষেপে পুড়লেন শান্ত

ঢাকা প্রিমিয়ার লিগে (ডিপিএল) ১৯তম ম্যাচে শক্তিশালী দল আবাহনীকে হারিয়ে দিয়েছে খেলাঘর সমাজ কল্যাণ সমিতি।

সোমবার বিকেএসপির তিন নম্বর মাঠে অনুষ্ঠিত ম্যাচটিতে হাড্ডাহাড্ডি লড়াই হয়েছে।

এ লড়াইয়ে মুশফিককে হারিয়েছেন জহুরুল ইসলাম।

টস জিতে আগে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেট হারিয়ে ১৬৪ রান সংগ্রহ করে খেলাঘর। জবাবে ৫ উইকেট হারিয়ে ১৫৬ রান তুলতেই ২০ ওভার ফুরিয়ে যায় আবাহনীর।

ফলে ৮ রানে জয় পেল খেলাঘর।

ম্যাচে শুধু হারই নয়, হাফসেঞ্চুরির আক্ষেপে পুড়েছেন জাতীয় দল থেকে সদ্য বাদ পড়া তারকা ব্যাটসম্যান নাজমুল হোসেন শান্ত ও আবাহনীর ওপেনার ইমতিয়াজ।

দুজনেই আউট হয়েছেন ৪৯ রানে।

খেলাঘরের ১৬৪ রানের জবাবে ব্যাট করতে নেমে শুরুতেই শূন্য রানে আউট হন ওপেনার মুনিম শাহরিয়ার।

দলীয় সংগ্রহ ১২ রান হতেই আউট হয়ে যান মুশফিকুর রহিম। ৫ বলে ৮ রান করে রনি চৌধুরির বলে বোল্ড হয়ে যান তিনি।

দলের সেরা ব্যাটসম্যানকে হারিয়ে বিপাকে পড়ে আবাহনী। সেখান থেকে দলকে টেনে তোলেন ওপেনার মোহাম্মদ নাঈম ও মিডল অর্ডারি ব্যাটসম্যান নাজমুল হোসেন শান্ত।

দুজনেই খেলেন ৪৯ অনবদ্য দুটি ইনিংস। ব্যাটে ঝড় তুলে জয়ের লক্ষ্যেই ছুটতে থাকেন শান্ত ও নাঈম।

তবে ১৩তম ওভারে এসে ৫৯ বলে ৮৫ রানের এ দুরন্ত জুটি ভাঙেন রাফসান আল মাহমুদ।

মাত্র ১ রানের জন্য ফিফটি বঞ্চিত হন শান্ত। ৭ চার ও ১ ছক্কার মারে ৩৩ বলে ৪৯ রান করে ফেরেন শান্ত। একটু পর একইভাগ্য বরণ করেন নাঈমও।

খালেদ আহমেদের বলে বোল্ড হওয়ার আগে নাঈমের ব্যাট থেকেও আসে ৪২ বলে ৪৯ রান। এতে তিনটি বাউন্ডারি ও একটি ছয়ের মার রয়েছে।

শান্ত ও নাঈমের আউটের পর দলকে লক্ষ্যে পৌঁছিয়ে নিয়ে যাওয়ার মতো ইনিংস খেলেননি আর কেউ।

শেষ পাঁচ ওভারে ৪৮ রান প্রয়োজন পড়ে আবাহনীর। তা সংগ্রহ করতে ব্যর্থ হয়েছেন জাতীয় দলের দুই অলরাউন্ডার আফিফ ও মোসাদ্দেক।

শেষ বলে খালেদ আহমেদের দ্বিতীয় শিকারে পরিণত হন মোসাদ্দেক। তার ১৯ বলে ২১ রান ও আফিফ অন্যপ্রান্তে ১৮ বলে ২২ রান জয়ের জন্য যথেষ্ট হয়নি।

ফলে ৮ রানে হেরে প্রথম পরাজয়ের স্বাদ গ্রহণ করে পয়েন্ট টেবিলের চার নম্বরে নেমে গেল মুশফিকের দল।

এর আগে টস জিতে ব্যাট করতে নেমে দারুণ সূচনা করে খেলাঘরের দুই ওপেনার ইমতিয়াজ হোসাইন ও রাফসান আল মাহমুদ। প্রথম চার ওভারে ৪২ রানের জুটি গড়েন। তাদের এই দুর্দান্ত জুটি ভাঙেন আরাফাত সানি।

নাঈম শেখের হাতে ক্যাচ দিয়ে ১২ বলে ১৮ রান করে রাফসান আল মাহমুদ।

রাফসানের আউটের পর জাতীয় দলের অন্যতম তারকা মেহেদী হাসান মিরাজের সঙ্গে ৬২ রানের জুটি গড়েন ইমতিয়াজ।

ব্যক্তিগত ৩৩ রানের মাথায় মোসাদ্দেক হোসেনের বলে ডাউন দ্য উইকেটে এসে খেলতে গিয়ে স্ট্যাম্পিং হন মিরাজ। ৪টি চার ও এক ছক্কায় ২৫ বলে ৩৩ রান করে ফেরেন তিনি।

ইনিংসের ১৬তম ওভারে বিদায় নেন ইমতিয়াজ। তাকেও আউট করেন মোসাদ্দক। বোল্ড হওয়ার আগে ৪৫ বলে ৬৬ রানের ইনিংস খেলেন খেলাঘরের এই ওপেনার। তার এই ইনিংসে ৬টি চার ও ৩টি ছক্কার মার ছিল।

স্লগ ওভারে সাদ্দাম হোসেনের ৯ বলে ১৩ রান করলে নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেটে ১৬৪ রান জমা করে খেলাঘর।

আবাহনীর পক্ষে মোসাদ্দেক ও সানি দুটি করে উইকেট লাভ করেছেন। ৬৬ রানের ইনিংস খেলে ম্যাচসেরা হয়েছেন ইমতিয়াজ হোসাইন।

নাটোরে প্রাণিসম্পদ

প্রদর্শনী-২০২১ অনুষ্ঠিত

নাটোরে প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১ অনুষ্ঠিত হয়েছে। নাটোর নবাব সিরাজ উদ দৌলা সরকারী কলেজ মাঠে এই প্রদর্শনী অনুষ্ঠিত হয়। এই প্রদর্শনী উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও নাটোর পৌরসভার মেয়র উমা চৌধুরী, পুলিশ সুপার লিটন কুমার সাহা, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা গোলাম মোস্তফা প্রমুখ।

প্রদর্শনী উদ্বোধনের পর অতিথিবৃন্দ স্টল পরিদর্শন করেন। পরে উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তরের আয়োজনে কলেজ অডিটোরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা গোলাম মোস্তফার সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও নাটোর পৌরসভার মেয়র উমা চৌধুরী, পুলিশ সুপার লিটন কুমার সাহা, উপজেলা নির্বাহী অফিসার জাহাঙ্গীর আলম। আলোচনা শেষে নির্বাচিত সেরা তিনটি স্টলকে পুরস্কার প্রদান করা হয়।

উল্লেখ্য, দিনব্যাপী এই প্রদর্শনীতে গবাদিপশু এবং পাখির ৩৩ টি স্টল অংশগ্রহণ করে।

কানাডায় মে মাসে চাকরি হারিয়েছে ৬৮ হাজার জন

করোনাভাইরাস বিশ্বের অন্যান্য দেশের মত কানাডাতেও প্রভাব ফেলেছে। কানাডায় প্রায় ৬৮ হাজার জন চাকরি হারিয়েছেন মে মাসে, যা বিশ্লেষকের পূর্বাভাসের চেয়ে তিন গুণ বেশি।

পরিসংখ্যান অনুযায়ী, পূর্ণকালীন কর্মসংস্থান ১৩ হাজার ৮শ’ কমেছে এবং খণ্ডকালীন কর্মসংস্থান ৫৪ হাজার ২শ’ পড়েছে। পণ্য খাতে কর্মসংস্থান ৪১ হাজার ৬শ’ হ্রাস পেয়েছে। সেবা খারদ ২১ হাজার ৮শ’ কাজ কমেছে।

তবে বেশ কয়েকটি প্রদেশে নিষেধাজ্ঞাগুলি হ্রাস করা হচ্ছে, প্যাটিও ও মৌসুমী ব্যবসা আবার চালু হওয়ার সঙ্গে সঙ্গে ভাড়া বাড়ানোর আশা করা হচ্ছে।

বিশিষ্ট কমিউনিটি ব্যক্তিত্ব এবং রিয়েল এস্টেট ব্যবসায়ী কিরন বনিক শংকর বলেন, করোনাকালীন এই সময়ে বেঁচে থাকাটাই এখন প্রথম এবং প্রধান কাজ। বেঁচে থাকলে কর্মসংস্থান আবার ফিরে আসবে।

দেশে করোনায় একদিনে আরও ৪৩ জনের মৃত্যু

করোনায় আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় (শুক্রবার সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা পর্যন্ত) দেশে আরও ৪৩ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে করোনায় দেশে মোট ১২ হাজার ৮০১ জনের মৃত্যু হলো।

এ ছাড়া দেশে নতুন করে আরও ১ হাজার ৪৪৭ জনের করোনা শনাক্ত হয়েছে। এ নিয়ে দেশে মোট ৮ লাখ ৯ হাজার ৩১৪ জনের করোনা শনাক্ত হলো।

শনিবার বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. নাসিমা সুলতানা স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা সিটিসহ দেশের বিভিন্ন হাসপাতালে ও বাড়িতে উপসর্গ বিহীন রোগীসহ গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৬৬৭ জন। এ পর্যন্ত মোট সুস্থ হয়েছেন ৭ লাখ ৪৯ হাজার ৪২৫ জন। সারাদেশে সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় ৫০৯টি ল্যাবে নমুনা সংগ্রহ ও পরীক্ষা হয়েছে। এর মধ্যে আরটি-পিসিআর ল্যাব ১৩১টি, জিন এক্সপার্ট ৪৪টি, র্যাপিড অ্যান্টিজেন ৩৩৪টি। এসব ল্যাবে ২৪ ঘণ্টায় নমুনা সংগ্রহ হয়েছে ১২ হাজার ৭৬৬টি। মোট নমুনা পরীক্ষা করা হয়েছে ১৩ হাজার ১১৫টি। এ পর্যন্ত নমুনা পরীক্ষা হয়েছে ৬০ লাখ ৩৪ হাজার ২৬০টি।

এতে আরও জানানো হয়, গত ২৪ ঘণ্টায় নমুনা পরীক্ষায় শনাক্তের হার

১১ দশমিক ০৩ শতাংশ। এ পর্যন্ত নমুনা পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ১৩ দশমিক ৪১ শতাংশ এবং শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৯২ দশমিক ৬০ এবং শনাক্ত বিবেচনায় মৃত্যুর হার ১ দশমিক ৫৮ শতাংশ।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য মতে, ২০২০ সালের ৮ মার্চ দেশে করোনা ভাইরাসের প্রথম রোগী শনাক্ত হয়। এর ১০ দিন পর ১৮ মার্চ করোনায় আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়। এরপর ধীরে ধীরে আক্রান্ত ও মৃত্যুর হার বাড়তে থাকে।

টিকটক লাইকি নিষিদ্ধের সময় এসেছে

সম্প্রতি ভারতের কেরালায় এক বাংলাদেশি তরুণীকে বীভৎস কায়দায় যৌন নির্যাতনের ঘটনায় তোলপাড় শুরু হয়েছে সোশ্যাল মিডিয়াসহ সর্বত্র। ওই ঘটনার সূত্রপাত টিকটক অ্যাপস ঘিরে।

সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়া একটি ভিডিওতে দেখা যায়, ৩-৪ যুবক ও একটি মেয়ে মিলে এক তরুণীকে বিবস্ত্র করে শারীরিক ও যৌন নির্যাতন করছে। এই ভিডিও সূত্র ধরে অনুসন্ধান করে রিফাজুল ইসলাম হৃদয় নামের এক নির্যাতনকারীকে শনাক্ত করে পুলিশের তেজগাঁও বিভাগ।

টিকটক হৃদয় বাবু নামে পরিচিত বাংলাদেশি ওই যুবক বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল ও ভারতের কয়েকটি রাজ্যের কিছু অপরাধীর সঙ্গে মিলে মানব পাচারের আন্তর্জাতিক চক্র গড়ে তুলেছেন। এই চক্রটির নেটওয়ার্ক বাংলাদেশ, ভারত ও মধ্যপ্রাচ্যের দুবাইসহ কয়েকটি দেশে বিস্তৃত।

এদিকে ভারতে গণধর্ষণের শিকার বাংলাদেশি তরুণীর দেশে ফিরে এসে মানবপাচার আইনে মামলা করেছেন। তিনি ভয়ঙ্কর সব তথ্যও দিয়েছেন পাচারকারী ও নিপীড়কদের সম্পর্কে। ধর্ষণের শিকার তরুণী জানান, টিকটকের মাধ্যমে চক্রটির সঙ্গে তার পরিচয় হয়েছিল। এই চক্রের মাধ্যমে প্রায় দেড় হাজার নারী পাচারের শিকার হয়েছেন। সম্প্রতি

ভারতে গ্রেফতার মগবাজারের ‘টিকটক’ হৃদয় বাবু এই চক্রের সমন্বয়ক। এরপরই নড়েচড়ে বসে আইনশৃঙ্খলা বাহিনী।

টিকটক-লাইকিসহ বিভিন্ন মোবাইল অ্যাপ ব্যবহারকে কেন্দ্র করে সংঘটিত বিভিন্ন অপরাধের অপরাধীদের তালিকা করা হচ্ছে বলে জানিয়েছেন র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র্যাব) মহাপরিচালক (ডিজি) চৌধুরী আবদুল্লাহ আল মামুন। তিনি বলেছেন, টিকটকসহ বিতর্কিত অ্যাপসগুলো নিষিদ্ধ করার সময় এসেছে।

শনিবার (৫ জুন) রাজধানী বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশনে (এফডিসি) ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত ‘কিশোর অপরাধ বৃদ্ধিতে সোশ্যাল মিডিয়ার অপব্যবহার’ নিয়ে ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথির বক্তব্যে র্যাব ডিজি বলেন, ৮২ শতাংশ মানুষ ইন্টারনেট ব্যবহারকারী সামাজিক যোগাযোগমাধ্যমে থাকে। বিভিন্ন অপরাধের জন্য সামাজিক যোগাযোগমাধ্যমও অনেকাংশে দায়ী। প্রযুক্তিকে গ্রহণ করে নেতিবাচক দিকগুলো পরিহার করতে হবে। যে কোনো ধরনের অপরাধ করে পার পাওয়ার সুযোগ নেই। অপরাধ করে এখন আর কেউ পার পাচ্ছে না। এরপরও কেউ অপরাধ করলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

কিশোর গ্যাং ও জঙ্গিবাদের মতো যে কোনো অপরাধের জন্য অভিভাবকদের সন্তানের প্রতি নজর রাখারও আহ্বান জানিয়ে তিনি বলেন, যার যার অবস্থান থেকে দায়িত্ব পালন করলে অপরাধ কমে যাবে বলে মনে করেন র্যাবের এই ডিজি।

টিকটক হৃদয়ের বিরুদ্ধে বিস্ফোরক তথ্য, দুবাইসহ যেসব দেশে নেটওয়ার্ক

বাংলাদেশি তরুণীকে নির্যাতন, গ্রেফতার আরও ২

ভারতে গণধর্ষণের শিকার তরুণী দেশে ফিরে জানালেন ‘ভয়ঙ্কর’ সব তথ্য

ভারতে নির্যাতিত সেই তরুণীকে ফিরে পেতে স্বজনদের আকুতি

ভারতে বাংলাদেশি তরুণীকে গণধর্ষণ: আরও ৩ জন গ্রেফতার

ভারতে পাচার করা ৫০০ নারীকে যৌন কাজে বাধ্য করান বস রাফি

‘খদ্দের প্রতি তরুণীদের ১০ থেকে ১৫ হাজার টাকা কমিশন দিত’

যেভাবে মেয়েদেরকে ভারতে নিয়ে পতিতাবৃত্তিতে বাধ্য করত ‘টিকটক হৃদয়’

তরুণীকে বীভৎস কায়দায় যৌন নির্যাতন, চাঞ্চল্যকর তথ্য পাচ্ছে পুলিশ

তরুণীকে বিবস্ত্র করে নির্যাতন: সেই টিকটক হৃদয়কে গুলি ভারতীয় পুলিশের

বন্ধুর সঙ্গে ভারত হয়ে দুবাই যেতে চেয়েছিলেন নির্যাতিতা তরুণী

তরুণীকে নির্মম যৌন নির্যাতন, বেঙ্গালুরু থেকে গ্রেফতার ৬

ভারতে তরুণীকে যৌন নির্যাতন: সেই টিকটক হৃদয় সম্পর্কে যা জানা গেল

কেরালায় যৌন নির্যাতনের ভিডিও ভাইরাল হওয়া সেই তরুণী বাংলাদেশি

৪ হাত, ৪ পা বিশিষ্ট শিশুর জন্ম দিলেন রুনা লায়লা

দিনাজপুরে চার হাত ও চার পা নিয়ে এক ছেলেশিশুর জন্ম হয়েছে।

শুক্রবার ভোর ৫টায় বীরগঞ্জ উপজেলার একটি বেসরকারি হাসপাতালে শিশুটির জন্ম দেন এক নারী।

পরে শিশুটিকে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। শিশুটি সুস্থ্য ও স্বাভাবিক রয়েছে বলে নবজাতকের মা রুনা লায়লা জানিয়েছেন।

রুনা লায়লার বাড়ি দিনাজপুরের কাহারোল উপজেলার মুকুন্দপুর গ্রামে।

হাসপাতালের চিকিৎসক মহিদুল হাসান মারুফ জানান, এটি একটি বিরল ঘটনা, যা আগে আমি কখনও দেখিনি। তবে শিশুটি সুস্থ আছে। আমরা তাকে

নিবিড় পর্যবেক্ষণে রেখেছি। সিনিয়র চিকিৎসকের পরামর্শে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

শিশুটির বাবা জানিয়েছেন, বৃহহস্পতিবার রাতে তার স্ত্রীকে দিনাজপুরের বীরগঞ্জে একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। শুক্রবার ভোরে সেখানে তার ছেলের জন্ম হয়।

তিনি জানান, তার সন্তানের চার হাত ও চার পা রয়েছে। সেখানকার চিকিৎসক রংপুর আনার পরামর্শ দিয়েছেন। তাই নিয়ে এসেছি। জানি না কী হবে।

ফুলবাড়ীতে প্রাণীসম্পদ প্রদর্শনী উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান

দিনাজপুরের ফুলবাড়ীতে গতকাল শনিবার উপজেলার প্রাণীসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের উদ্যোগে দিনব্যাপী প্রাণীসম্পদ প্রদর্শনী উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

সকাল সাড়ে ১০টায় উপজেলা প্রাণীসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল চত্বরে আয়োজিত প্রদর্শনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. রিয়াজ উদ্দিন।

এতে ভেটেরিনারি সার্জন ডা. মো. নেয়ামত আলীর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. আতাউর রহমান মিল্টন, স্বাগত বক্তব্য রাখেন উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. মো. আহসান হাবীব, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন পৌর মেয়র মাহমুদ আলম লিটন, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান নীরু শামসুন্নাহার, ইউপি চেয়ারম্যান মনিক রতন, ইউপি চেয়ারম্যান মামুনুর রশিদ চৌধুরী বিপ্লব, ফুলবাড়ী প্রেসক্লাবের সহ সভাপতি প্রভাষক আজিজুল হক সরকার, সাধারণ সম্পাদক ওয়াহিদুল ইসলাম ডিফেন্স।

এছাড়াও বক্তব্য রাখেন ডেইরি এসোসিয়েশনের সভাপতি জাকারিয়া ইসলাম, ভেটেরিনারি এসোসিয়েশনের সাংগঠনিক সম্পাদক শাকিল মন্ডল, খামারী মতিবুল ইসলাম প্রমুখ।

শেষে প্রদর্শনী অনুষ্ঠানে অংশ নেওয়া খামারীদের মাঝে থেকে তিনজন বিজয়ীর হাতে চেক ও সনদপত্র তুলে দেন অনুষ্ঠানের অতিথিদ্বয়। প্রাণীসম্পদ প্রদর্শনী অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন এলাকা থেকে ১২টি খামারী তাদের গরু-ছাগলসহ বিভিন্ন পশুপাখি প্রদর্শনে স্টলে অংশে নেন।

নাটোরের বড়াইগ্রামে অন্তঃসত্ত্বা গৃহবধূকে হাত-পায়ের রগ সহ গলা কেটে হত্যা

নাটোরের বড়াইগ্রামে শাহানুর বেগম(৩৫) নামের ৮ মাসের অন্তঃসত্ত্বা গৃহবধূকে নিজ ঘরে গলা কেটে হত্যার ঘটনা ঘটেছে। তিনি উপজেলার ভবানীপুর জোলাপাড়া গ্রামের চা দোকানি রাশেদ এর স্ত্রী।

পুলিশ ও স্থানীয়রা জানায়, গত রাতের কোনো এক সময় তিন সন্তানের জননী এই অন্তঃসত্ত্বা গৃহবধূকে কে বা কাহারা হাত-পায়ের রগ সহ গলাকেটে হত্যা করে রেখে যায়। ঘটনাস্থলের পাশেই পুরোনো ঐতিহ্য মাদারের গান চলছিল, নিহতের দুই সন্তান শাশুড়ি সহ পরিবারের সকলেই গানের অনুষ্ঠানে থাকায় এক বছরের শিশু সন্তান নিয়ে ফাঁকা বাড়ীর নিজ ঘরেই ঘুমিয়েছিলেন শাহানুর। একা থাকার সুযোগে ঘটনা ঘটতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা হয়। গানের অনুষ্ঠান থেকে রাত্রি আনুমানিক সাড়ে ১২টার দিকে বাড়িতে ফিরে নিহতের ৮ বছরের শিশুকন্যা তার মায়ের রক্তাক্ত লাশ দেখে চিৎকার করে উঠলে পরিবারের অন্যান্য সদস্য সহ এলাকাবাসীরা এগিয়ে আসেন এবং পুলিশে খবর দেন। তবে নিহতের স্বামী কাজের সন্ধানে এলাকার বাইরে ছিলেন বলে জানান পরিবারের

অন্যান্য সদস্যরা।

ঘটনার খবর পেয়ে তাৎক্ষণিক ঘটনাস্থল পরিদর্শন করেন বড়াইগ্রাম সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার খায়রুল ইসলাম, বড়াইগ্রাম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আনোয়ারুল ইসলাম, ওয়ালিয়া পুলিশ ফাঁড়ি ইনচার্জ ইন্সপেক্টর ফারুক হোসেন তালাশ। আজ বৃহস্পতিবার সকালে সি.আই.ডি এসে প্রাথমিক আলামত সংগ্রহের পর মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নাটোর মর্গে প্রেরণ করেন।